কালের কণ্ঠ

আপডেট : ২৬ ফেব্রুয়ারি, ২০১৮ ২৩:৩০

হাইকোর্টের রুল

# জাবি ভিসি ফারজানা ইসলামের নিয়োগ কেন অবৈধ নয়

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) উপাচার্য (ভিসি) হিসেবে অধ্যাপক ড. ফারজানা ইসলামকে নিয়োগ দেওয়া কেন অবৈধ ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। বিচারপতি সৈয়দ রেফাত আহমেদ ও বিচারপতি মো. সেলিমের হাইকোর্ট বেঞ্চ গতকাল সোমবার এ রুল জারি করেন। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব, জাবি ভিসিসহ পাঁচজনকে এক সপ্তাহের মধ্যে রুলের জবাব দিতে বলা হয়েছে। বিশেষ বার্তাবাহকের মাধ্যমে এ আদেশের কপি পাঠাতে নির্দেশ দেওয়া হয়েছে।

জাবির সাবেক ভিসি শরীফ এনামুল কবির এবং একই বিশ্ববিদ্যালয়ের নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের অধ্যাপক ড. লুত্ফর রহমানের করা এক রিট আবেদনে এ আদেশ দেন আদালত। রিট আবেদনকারীপক্ষে আইনজীবী ছিলেন মঞ্জুর আলম। ড. ফারজানা ইসলামকে গত ১৫ ফেব্রুয়ারি জাবি ভিসি হিসেবে নিয়োগ দেন রাষ্ট্রপতি। এ নিয়োগের বৈধ্যতা চ্যালেঞ্জ করে রিট আবেদন করা হয়। ড. ফারজানা ইসলামকে দেশের প্রথম নারী ভিসি হিসেবে ২০১৪ সালের ২ মার্চ নিয়োগ দেওয়া হয়। তিন সদস্যের প্যানেল করেই তাঁকে নিয়োগ দেওয়া হয়। চলতি বছরের ২ মার্চ তাঁর মেয়াদ শেষ হবে।

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,
নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,
ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।
বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com